আজকের কাগজ

তারিখ 01 MAY 1995
পৃষ্ঠা ৬ কলাম ২

০১

# শিক্ষার জন্যে খাদ্য কর্মসূচির গম বন্টন নিয়ে ঝালকাঠিতে প্রধান শিক্ষক লাঞ্ছিত

শিক্ষার জন্য খাদ্য কর্মসূচির অধীনে বরাদ্দকৃত গম বিতরণের ক্ষেত্রে নানা ধরনের সমস্যা সৃষ্টি হচ্ছে। কোথাও বিতরণ ব্যবস্থা ত্রুটিপূর্ণ, কোথাও কর্তৃপক্ষের পছন্দসই ছাত্রছাত্রীদের মধ্যে গম বিতরণ করা হচ্ছে, কোথাও গম বিতরণে ব্যস্ত থাকায় শিক্ষকরা ক্লাস নিতে পারছেন না। আবার কোথাও স্থানীয় প্রভাবশালীদের মন রক্ষা করতে না পেরে নাজেহাল হচ্ছেন সংশ্লিষ্ট বিদ্যালয়ের শিক্ষকরা। এমনি অসংখ্য অভিযোগ উঠছে। সম্প্রতি এ ধরনের একটি ঘটনার খবর পাওয়া গেছে ঝালকাঠি সদর থানার কেওড়া ইউনিয়নের পিপলিতা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শাহ আলম মিয়ার কাছ থেকে। তিনি সঠিকভাবে গম বিতরণ না করে আত্মসাৎ করেছেন এ অভিযোগ তুলে স্থানীয় পিপলিতা মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক মোসলেম আলী সিকদার কতিপয় ব্যক্তির স্বাক্ষরযুক্ত একটি অভিযোগপত্র বিভিন্ন সরকারি দফতরসহ সাংবাদিকদের কাছে প্রেরণ করেন। এ ব্যাপারে সদর থানা নির্বাহী কর্মকর্তা, থানা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি। (তিনি সংশ্লিষ্ট অভিযোগকারী শিক্ষকের বিদ্যালয়ের প্রধান শিক্ষক) সহ সংশ্লিষ্ট অভিযুক্ত প্রধান শিক্ষকের সাথে যোগাযোগ করা হলে তারা এ প্রতিনিধিকে জানান, অভিযুক্ত ব্যক্তির গম বিতরণের ব্যাপারে অনিয়মের অভিযোগ কাল্পনিক, কারণ বিতরণের দায়িত্ব সভাপতির, তাছাড়া বিদ্যালয়ের মোট ছাত্র সংখ্যার মাত্র ৪০ শতাংশকে গম দেয়া হয়। সংশ্লিষ্ট অভিযোগকারীদের মনোনীত ছাত্রদের সঙ্গত কারণে গম দেয়া হয়নি বলেই এ ধরনের অভিযোগ করে একজন সৎ লোককে সর্বসমক্ষে হেয় করার অপচেষ্টা করা হচ্ছে বলে তারা জানান। এ ব্যাপারে সংশ্লিষ্ট অভিযোগকারীদের সাথে যোগাযোগের চেষ্টা ব্যর্থ হয়েছে। ঝালকাঠি থেকে শামল সরকার।

০৩